গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

তারিখ: ২৪ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
০৯ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.২৩.২৩১

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

**১। আবহাওয়ার সতর্কবার্তা:**

সমুদ্রবন্দরসমূহের জন্য কোন সতর্কবাণী নেই এবং কোন সতর্ক সংকেত দেখাতে হবে না।

**২। আজ ০৯ অক্টোবর, ২০২৩ খ্রিঃ তারিখ সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**

ময়মনসিংহ ও সিলেট অঞ্চল সমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি/বজ্রবৃষ্টি হতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ০১ নম্বর (পুনঃ) ০১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

**৩। আজ ০৯ অক্টোবর, ২০২৩ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:**

**সিনপটিক অবস্থা:** মৌসুমী বায়ুর অক্ষ পূর্ব উত্তর প্রদেশ, বিহার, পশ্চিমবঙ্গ, বাংলাদেশের মধ্যাঞ্চল হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। এর একটি বর্ধিতাংশ উত্তর বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত। মৌসুমী বায়ু বাংলাদেশের উপর মোটামুটি সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে দুর্বল থেকে মাঝারী অবস্থায় রয়েছে।

**পূর্বাভাস**

**প্রথম দিন (০৯.১০.২০২৩ তারিখ সকাল ০৯ টা থেকে):**

**বৃষ্টিপাত:** ময়মনসিংহ ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায়; ঢাকা, রাজশাহী, রংপুর, খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে ময়মনসিংহ ও সিলেট বিভাগের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।

**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**দ্বিতীয় দিন (১০.১০.২০২৩ তারিখ সকাল ০৯ টা থেকে):**

**বৃষ্টিপাত:** রংপুর ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় এবং রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা, খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে রংপুর ও সিলেট বিভাগের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী বর্ষণ হতে পারে।

**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**তৃতীয় দিন (১১.১০.২০২৩ তারিখ সকাল ০৯ টা থেকে):**

**বৃষ্টিপাত:** রংপুর, চট্টগ্রাম ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় এবং রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ, খুলনা ও বরিশাল বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে রংপুর, চট্টগ্রাম ও সিলেট বিভাগের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী বর্ষণ হতে পারে।

**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**বর্ধিত ৫ (পাঁচ) দিনের আবহাওয়ার অবস্থা:** দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু বাংলাদেশ থেকে বিদায় নিতে পারে।

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | রাজশাহী | রংপুর | ময়মনসিংহ | সিলেট | চট্টগ্রাম | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩৪.১ | ৩৪.৭ | ৩৩.৫ | ৩৩.১ | ৩২.৫ | ৩৩.৭ | ৩৫.৪ | ৩৩.৫ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ২৪.৮ | ২৫.৪ | ২৪.৩ | ২৬.৫ | ২৩.৫ | ২৩.৭ | ২৬.৬ | ২৫.৪ |

**গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল যশোর ৩৫.৪° সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা সিলেট ২৩.৫° সেঃ।**

(তথ্যসূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।

**৪। অগ্নিকান্ড সম্পর্কিত তথ্যঃ**

**(ক) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ০৭ অক্টোবর, ২০২৩ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ০৮ অক্টোবর, ২০২৩ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ১৩ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগ ভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরুপ:**

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ৭ | ০ | ০ |
| ২। | ময়মনসিংহ | ১ | ০ | ০ |
| ৩। | বরিশাল | ০ | ০ | ০ |
| ৪। | সিলেট | ২ | ০ | ০ |
| ৫। | রাজশাহী | ১ | ০ | ০ |
| ৬। | চট্টগ্রাম | ০ | ০ | ০ |
| ৭। | খুলনা | ১ | ০ | ০ |
| ৮। | রংপুর | ১ | ০ | ০ |
| | **মোট** | **১৩** | **০** | **০** |

**৫। নদ-নদীর পানি ও বৃষ্টিপাতের অবস্থাঃ**

**(**২৪ আশ্বিন, ১৪৩০ বঙ্গাব্দ/০৯ অক্টোবর, ২০২৩ খৃঃ**)**

- ব্রহ্মপুত্র-যমুনা নদ-নদীর পানি সমতল হ্রাস পাচ্ছে। আগামী ২৪ ঘন্টায় ব্রহ্মপুত্র নদের পানি সমতল স্থিতিশীল থাকতে পারে এবং যমুনা নদীর পানি সমতল হ্রাস পেতে পারে।
- গঙ্গা নদীর পানি সমতল বৃদ্ধি পাচ্ছে অপরদিকে পদ্মা নদীর পানি সমতল হ্রাস পাচ্ছে যা আগামী ৪৮ ঘন্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- দেশের উত্তর-পূর্বাঞ্চলের সুরমা-কুশিয়ারা নদীর পানি সমতল বৃদ্ধি পাচ্ছে, যা আগামী ২৪ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- বিগত ২৪ ঘন্টায় তিস্তা নদীর পানি সমতল বৃদ্ধি পেয়েছে। আগামী ৪৮ ঘন্টায় স্বাভাবিক প্রবাহ বিরাজমান থাকতে পারে।

**নদ-নদীর পানি সমতলঃ**

**বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশনঃ**

| নদীর নাম | পানি সমতল স্টেশন | বিপদসীমা (মিটার) | আজকের পানি সমতল (মিটার) | বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.) | বিপদসীমার উপরে (সে.মি.) |
|---|---|---|---|---|---|
| - | - | - | - | - | - |

**নদ-নদীর অবস্থাঃ**

| | | | |
|---|---|---|---|
| পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন | ১০৯ | গেজ স্টেশন বন্ধ আছে | ০ |
| বৃদ্ধি | ৩১ | গেজ পাঠ পাওয়া যায়নি | ০ |
| হ্রাস | ৭৭ | মোট তথ্য পাওয়া যায়নি | ০ |
| অপরিবর্তিত | ০১ | বিপদসীমার উপরে | ০ |
| **বন্যা আক্রান্ত জেলার সংখ্যা (পর্যবেক্ষণকৃত ষ্টেশন সমূহের তথ্যের ভিত্তিতে)** | | | ০ |
| বিপদসীমার উপরে নদীর সংখ্যা | | | ০ |

**গত ২৪ ঘন্টায় উল্লেখযোগ্য বৃষ্টিপাতঃ**

বাংলাদেশের অভ্যন্তরেঃ

| স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) | স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) |
|---|---|---|---|
| জকিগঞ্জ (সিলেট) | ১৪৮ | জাফলং (সিলেট) | ১২৮ |
| লালাখাল (সিলেট) | ১০৬ | সিলেট | ৬৯ |
| সুনামগঞ্জ | ৬০ | কানাইঘাট (সিলেট) | ৫২ |
| লরেরগড় (সুনামগঞ্জ) | ৫২ | ছাতক (সুনামগঞ্জ) | ৪০ |

ভারতের উত্তর পূর্বাঞ্চলের সিকিম, অরুণাচল, আসাম, মেঘালয় ও ত্রিপুরা অঞ্চলেঃ

| স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) | স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) |
|---|---|---|---|
| চেরাপুঞ্জি (মেঘালয়) | ৮৮ | পাসিঘাট (অরুণাচল) | ৪৯ |

০৯-১০-২০২৩
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা
৮৮০-৫৮৮১১৬৫১ (ফোন)
৮৮০-২-৯৮৯১৯২৬ (ফ্যাক্স)
controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১, এনডিআরসিসি অনুবিভাগ , দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

**স্মারক নম্বর:** ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.২৩.২৩১/১ (৯)

তারিখ: ২৪ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
০৯ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ ;
২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়;
৩। সচিব , প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়;
৪। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্বাস্থ্য সেবা বিভাগ;
৫। সচিব, সচিবের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়;
৬। মহাপরিচালক , মহাপরিচালকের দপ্তর , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;
৭। ;
৮। প্রোগ্রামার, আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এবং
৯। সহকারী পরিচালক , যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।

০৯-১০-২০২৩
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা